

Times Today BD

ময়মনসিংহ | 07 April, 2025

নেত্রকোণায় ভেষজ ওষুধ খাইয়ে গৃহবধুকে একাধিকবার ধর্ষণের অভিযোগে কথিত কবিরাজ আনোয়ার হোসেন (৪১) কে গ্রেফতার করেছে মডেল থানা পুলিশ। সোমবার (৭ এপ্রিল) দুপুরে তাকে আদালতে পাঠানো হয়েছে। এর আগের দিন রবিবার সন্ধ্যায় তাকে গ্রেফতার করা হয়।

আটক আনোয়ার হোসেন নেত্রকোণা পৌর শহরের পারলা এলাকার হাজী মোহাম্মদ আকরাম হোসেনের ছেলে। তিনি নিজ বাড়িতে কবিরাজি (ভেষজ চিকিৎসা) করে থাকেন।

ভুক্তভোগী গৃহবধু তার স্বামীকে নিয়ে অভিযুক্তের বাড়িতে ভাড়া থাকতেন। তার স্বামী স্থানীয়ভাবে গাড়ির সিট মেরামত ও বাঁধাইয়ের কাজ করেন।

ভুক্তভোগীর অভিযোগ, গত ২৩ মার্চ বেলা ১১টার দিকে স্বামী বাড়িতে না থাকার সুযোগে কবিরাজ আনোয়ার চিকিৎসার কথা বলে তাকে একটি পানীয় খাওয়ান। পরে গৃহবধুর শরীরে ঘুম ঘুম ভাব অনুভূত হলে তিনি সেই সুযোগে তাকে ধর্ষণ করেন। একইভাবে ২৪ ও ২৫ মার্চ পরপর আরও দুই দিন ওই গৃহবধুকে ধর্ষণ করা হয়।

কয়েকদিন পর শারীরিক অবস্থার অবনতি হলে ভুক্তভোগী নেত্রকোণা সদর হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নেন। সুস্থ হওয়ার পর গত ৪ এপ্রিল স্বামীর জিজ্ঞাসায় তিনি ঘটনার বিস্তারিত জানান।

এ বিষয়ে নেত্রকোণা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) কাজী শাহনেওয়াজ বলেন, “গত ৬ এপ্রিল থানায় লিখিত অভিযোগ পাওয়ার পর ওইদিন সন্ধ্যায় আনোয়ার হোসেনকে গ্রেফতার করা হয়। সোমবার দুপুরে তাকে আদালতে পাঠানো হয়েছে।”

ভেষজ ওষুধ ধর্ষণ গৃহবধু গ্রেফতার কবিরাজ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:55

URL: <https://timestodaybd.com/mymensingh/449775807>